গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা-২ শাখা

"দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাগড়ায় একটি বহুবিধ সুবিধাসহ শ্রম কল্যাণ কমপ্লেক্স নির্মাণ (১ম সংশোধিত)" প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (পিএসসি) ৭ম সভার কার্যবিবরণী:

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ এহছানে এলাহী<br>সচিব |
| সভার তারিখ | ২৩ নভেম্বর, ২০২১ |
| সভার সময় | বেলা ১১.৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| উপস্থিতি | ০১. ড. সেলিনা আক্তার, অতিরিক্ত সচিব (উন্নয়ন), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ০২. গৌতম কুমার, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), শ্রম অধিদপ্তর ০৩. মোঃ ছায়েদুজ্জামান, অতিরিক্ত সচিব, কার্যক্রম বিভাগ ০৪. মোঃ মতিয়ার রহমান, মহাপরিচালক ( অতিরিক্ত সচিব ), সেক্টর ০৫ ,আইএমইডি, ০৫. শিরীন রুবী , যুগ্মসচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ০৬. মোহাম্মদ ওয়ালিদ হোসেন, যুগ্মসচিব , অর্থবিভাগ ০৭. তাহেরা হক, উপসচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন ০৮. শরীফ মোঃ ফরহাদ হোসেন, উপসচিব (পরিকল্পনা) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ০৯. আবু আশরীফ মাহমুদ, প্রকল্প পরিচালক ১০. কর্নেল মোঃ আরেফিন তালুকদার, প্রকল্প পরিচালক, ডিপিএম সেল, সেনাকল্যাণ সংস্থা ১১. মোছাঃ দেলোয়ারা খাতুন, সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সভার আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের আহ্বান জানান। মন্ত্রণালয়ের উপসচিব (পরিকল্পনা) শরীফ মোঃ ফরহাদ হোসেন প্রকল্পের সংক্ষিপ্ত চিত্র তুলে ধরে জানান প্রকল্পটির মেয়াদকাল এপ্রিল ২০১৭ হতে ডিসেম্বর ২০২১ ও প্রাক্কলিত ব্যয় ৬১৬৯.০১ লক্ষ টাকা । প্রকল্পটির মূল উদ্দেশ্য দেশের পার্বত্য অঞ্চলে কর্মরত শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের সামাজিক কল্যাণ, পেশাগত দক্ষতা উন্নয়ন ও কর্মক্ষেত্রে শ্রমিকের অধিকার প্রতিষ্ঠার সুনিশ্চিয়তাসহ বিবিধ সেবামূলক কার্যক্রম সম্প্রসারণ করা । তিনি আলোচ্যসূচির ক্রমানুসারে প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন ।

**০২। আলোচনা:**

**ক) ৬ষ্ঠ পিএসসি সভার কার্যবিবরণী অনুমোদন:**

প্রকল্পের ৬ষ্ঠ পিএসসি সভা গত ২০ সেপ্টেম্বর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয় । কার্যবিরণীতে কোন সংশোধন বা পরিমার্জন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

**খ) গত পিআইসি সভার সিদ্ধান্ত ও সুপারিশ পর্যালোচনা:**

প্রকল্পের ৫ম পিআইসি সভা গত ২৪ অক্টোবর ২০২১ তারিখে অনুষ্ঠিত হয় । উক্ত সভার কার্যবিরণীতে নির্দিষ্ট সময়ে প্রকল্পের কাজ সমাপ্ত করা, সেমিনার আয়োজনের প্রস্তুতি গ্রহণ এবং প্রকল্প হস্তান্তরের যথাযথ কার্যক্রম গ্রহণের বিষয়ে গুরুত্বারোপ করা হয় । মহাপরিচালক, শ্রম অধিদপ্তর সভায় জানান দ্রুততম সময়ে নির্ধারিত সেমিনারটি আয়োজন করা প্রয়োজন। এছাড়া তিনি প্রকল্পটি মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য উপযুক্ত রাখার বিষয়ে সেনা কল্যান সংস্থার দৃষ্টি আকর্ষণ করেন।

**গ) প্রকল্প কাজের ভৌত ও আর্থিক অগ্রগতি পর্যালোচনা:**

প্রকল্পের ভৌত অগ্রগতি বিষয়ে প্রকল্প পরিচালক সভা-কে অবহিত করেন যে, প্রকল্পের কাজ ডিপিপি অনুযায়ী যথাযথ ভাবে সম্পন্ন হচ্ছে। প্রকল্পটির ভৌত অগ্রগতি ৯৮%। প্রকল্পের আর্থিক অগ্রগতি ৮১.০৮%। প্রকল্পটির অনুকূলে ২০২১-২২ অর্থবছরে প্রয়োজনীয় ১২০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। এর মধ্যে ১ম ও ২য় কিস্তিতে ৬০০.০০ লক্ষ টাকা অর্থছাড় করা হয়েছে। কিন্তু কোন অর্থ ব্যয় হয়নি। ছাড়কৃত অর্থের ব্যয়বিবরণী সহ প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণে অর্থ বিভাগের অনুমোদনের জন্য আবেদন করতে হবে। অর্থ বিভাগের প্রতিনিধি জানান ছাড়কৃত অর্থ ব্যয় না হলে ৩য় ও ৪র্থ কিস্তির অর্থছাড়ের বিষয়ে অনুমোদন দেয়া সম্ভব হবেনা। প্রকল্পটির সংশোধন বা মেয়াদবৃদ্ধি প্রয়োজন নেই। প্রকল্পের গুনগতমান বজায় রেখে সুষ্ঠুভাবে প্রকল্পটি নির্ধারিত সময় ডিসেম্বর ২০২১ এর মধ্যে সমাপ্ত করতে হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

**০৩। সিদ্ধান্ত:**

সভায় প্রকল্পটির বাস্তবায়ন বিষয়ে বিস্তারিত আলোচনাক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

**ক.** প্রকল্প কাজের গুণগতমান বজায় রেখে ডিসেম্বর, ২০২১ এর মধ্যে নির্মান কাজ সমাপ্ত করতে হবে;

**খ.** প্রকল্পের অডিট সম্পন্ন করার প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে;

**গ.** ছাড়কৃত অর্থের ব্যয়বিবরণী সহ প্রকল্পের ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ ছাড়করণে অর্থ বিভাগের অনুমোদনের জন্য দ্রুত আবেদন করতে হবে;

**ঘ.** প্রকল্প সমাপ্তিতে যথাসময়ে পিসিআর প্রেরণ করতে হবে;

**ঙ.** প্রকল্পটির এএমএস ও আইবাস++ এন্ট্রি আপডেট করতে হবে এবং

**চ.** প্রকল্পটি দ্রুত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের জন্য প্রস্তুত রাখতে হবে।

**বাস্তবায়ন:** প্রকল্প পরিচালক

**০৪।** সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ এহছানে এলাহী
সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০২৭.১৪.০০৪.২১.৯

তারিখ: ১৯ অগ্রহায়ণ ১৪২৮
০৪ ডিসেম্বর ২০২১

বিতরণ: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সিনিয়র সচিব, অর্থ বিভাগ

২) সচিব, সচিবের দপ্তর , পরিকল্পনা বিভাগ

৩) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৪) সদস্য, শিল্প ও শক্তি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন

৫) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

৬) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৭) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর

৮) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

৯) প্রকল্প পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর

১০) পরিচালক, পরিচালক (পরিকল্পনা, পরিসংখ্যান ও তথ্য প্রযুক্তি), শ্রম অধিদপ্তর

১১) জনাব মোঃ আরেফিন তালুকদার, কর্ণেল (প্রকল্প পরিচালক), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।

১২) জনাব মোঃ রাশীদুল আলম, লে. কর্ণেল (অব:), সেনা কল্যাণ সংস্থা, মহাখালী, ঢাকা।

১৩) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ )

১৫) সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৬) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়



শরীফ মোঃ ফরহাদ হোসেন
উপসচিব